গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০১৮.১৮.৭৪৭

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৬
১৮ নভেম্বর ২০১৯

বিষয়: **কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন আল-আমিন ইসালামিয়া কামিল মাদরাসার শিক্ষক জনাব মো: ইসহাক মিয়া (প্রভাষক, রসায়ন, ইনডেক্স নং-৩১১৪৪৯) কে এপি/সহকারী অধ্যাপক এর স্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: সূত্র: (১) জনাব মো: ইসহাক মিয়া,প্রভাষক, (রসায়ন)আল-আমিন ইসালামিয়া কামিল মাদরাসা এর আবেদন তারিখ:১০.০৭.২০১৯খ্রি:।

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/১১৬২/বি:/০৭.৮৯০৯/২-বিশেষ তারিখ: ০৮.১২.২০১৩ খ্রি:।

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/১১৬২/বি:/০৭.২৫৯৫/২-বিশেষ তারিখ: ১০.০৪.২০১৪ খ্রি:।

(৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/১১৬২/বি:/২০০৭/৮৫০৭/২-বিশেষ তারিখ: ২১.১২.২০১৪ খ্রি:।

(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০৩.০২.০০৫.১৬-২৭৪ তারিখ: ১২.০৪.২০১৬ খ্রি:।

(৬) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০৩.০২.০০৫.১৬-১৩৮৫ তারিখ: ১৭.১১.২০১৬ খ্রি:।

(৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০২.০৭.০০১.১৬-১৪৯৭ তারিখ: ২৯.১১.২০১৬ খ্রি:।

(৮) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮-৫৬৮ তারিখ:২৫.০৮.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানা যাচ্ছে যে, বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক সহকারী অধ্যাপকের স্কেল প্রদান বিষয়ক একখানা অভিযোগ আবেদন বর্ণিত মাদরাসার প্রভাষক (রসায়ন) জনাব ইসহাক মিয়া কর্তৃক সূত্রোস্থ ১নং স্মারকে এ অধিদপ্তরে দাখিল করা হয় ।

০২. জনাব ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন) কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বিষয়োক্ত মাদ্রাসার রসায়ন শিক্ষক **জনাব ইসহাক মিয়া ০১.১১.১৯৯৪ খ্রি: তারিখে প্রভাষক (রসায়ন) পদে এমপিওভুক্ত হন**। অপরদিকে **জনাব মো: কামরূজ্জামান চৌধুরী ২৩.১২.১৯৯৯খ্রি: তারিখে প্রভাষক (রাষ্ট্র বিজ্ঞান) পদে এমপিওভুক্ত হন।**

০৩. জনবল কাঠামো ০৪ ফ্রেব্রুয়ারী, ২০১০ (এ প্রনীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ৪ ও ১৩ অনুযায়ী এবং সর্ব শেষ জনবল কাঠামো ২০১৮ এর অনুচ্ছেদ ১১.৪ ও ১৩ অনুযায়ী প্রভাষক পদে এমপিও এর ভিত্তিতে **জনাব ইসহাক মিয়া (প্রভাষক পদে এমপিওভুক্তির তারিখ ০১.১১.১৯৯৪ খ্রি:) জনাব মো: কামরূজ্জামান চৌধুরী (প্রভাষক পদে এমপিওভুক্তির তারিখ ০১.১১.১৯৯৪ খ্রি:) এর তুলনায় জ্যৈষ্ঠতর**। বিধায় বিধি মোতাবেক জনাব মো: ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন) এপি/সহকারী অধ্যাপক এর স্কেল প্রাপ্য।

০৪. কিন্তু জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক মাদ্রাসা কর্তৃপক্ষ/গভর্নিং বডি কর্তৃক ২০১৩ সালে জনাব মো; কামরূজ্জামান চৌধুরী, প্রভাষক (রাষ্ট্র বিজ্ঞান)-কে এপি/সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করা হয়েছে মর্মে আবেদনকারী তাঁর দাখিলকৃত আবেদনে উল্লেখ করেছেন।

০৫. উল্লেখ্য, বর্ণিত মাদ্রাসার বিষয়োক্ত বিষয়টি (এপি স্কেল) সুরাহার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ ২,৩ ও ৪ নং স্মারকে অধ্যক্ষ, আল-আমিন ইসালামিয়া কামিল মাদরাসা-কে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া সত্বেও অধ্যক্ষ/মাদ্রাসা কর্তৃপক্ষ অধিদপ্তরের (মাউশি) নির্দেশনার প্রতি কোন প্রকার কর্ণপাত করেননি।

০৬. অধিকন্তু; মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিষয়টির সুরাহার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য চেয়ে ৫নং স্মারকে পত্র প্রদান করা হয়। কিন্তু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত পত্রেরও কোন জবাব দেয়া হয়নি।

০৭. পরবর্তীতে বিষয়টির সঠিক তথ্যও তত্ত্ব উদঘাটনের জন্য সূত্রোস্থ ৬ নং স্মারকে সহকারী পরিচালক (সহকারী পরিচালক, এবতেদায়ী ও দাখিল মাদ্রাসা, মাশিঅ)-কে বিষয়টি সরেজমিনে গিয়ে তদন্ত করার জন্য দায়িত্ব প্রদান করা হয়।

০৮. সহকারী পরিচালক (সহকারী পরিচালক, এবতেদায় ও দাখিল মাদ্রাসা, মাশিঅ) জনাব মো: আব্দুল মান্নান মোল্লা সরেজমিনে গিয়ে বিষয়টি তদন্তপূর্বক সূত্রোস্থ ৭নং স্মারকে তদন্ত করেন এবং এপি/সহকারী অধ্যাপক এর স্কেল জনাব মো: ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন) এর প্রাপ্য মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

০৯. উপরিউক্ত বর্ণনা পর্যালোচনায় এটা স্পষ্ট যে, বিধি মোতাবেক এপি/সহকারী অধ্যাপক এর স্কেল জনাব মো: ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন) এর অনুকূলে প্রাপ্যতা সত্বেও ২০১৩ সালে জ্যেষ্ঠতার বিধি অনুসরণ না করে তাঁকে উক্ত এপি স্কেল প্রদান করায় সরকার কর্তৃক প্রনীত বিধি লঙ্ঘিত (violation) হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১০. অপরদিকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনা বার বার অমান্য করা হয়েছে যা উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ লঙ্ঘনের (violation) শামিল।

১১. বিধি মোতাবেক যেহেতু জনাব মো: ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন) এপি স্কেল পাওয়ার হকদার সেহেতু তাঁকে উক্ত স্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি সরকার ও উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ বার বার violation করার কারণে আপনার বিরুদ্ধে কেন আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা- এ মর্মে সূত্রোস্থ ৮নং স্মারকে ১৫ (দশ) কার্যদিবসের মধ্যে এতদসংক্রান্ত একটি প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল। কিন্তু দীর্ঘ প্রায় (১৩.১১.২০২৯ - ২৫.০৮.২০১৯) ০৩ (তিন) মাস অতিবহিত হওয়ার পরও মহোদয় কর্তৃক কোন জবাব এ অধিদপ্তরে দাখিল করা হয়নি।

১১. এমতাবস্থায় বিধি মোতাবেক জনাব মো: ইসহাক মিয়া, প্রভাষক (রসায়ন)-কে এপি স্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন আগামী ২৬.১১.২০১৯খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে **৩য় বারের মত** নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮-১১-২০১৯
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

অধ্যক্ষ, আল-আমিন ইসালামিয়া কামিল মাদরাসা, চান্দিনা,
কুমিল্লা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০১৮.১৮.৭৪৭/১

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৬
১৮ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপ পরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, চট্টগ্রাম অঞ্চল।

৩) জেলা শিক্ষা অফিসার , কুমিল্লা।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , চান্দিনা, কুমিল্লা।

৫) সভাপতি, আল-আমিন ইসালামিয়া কামিল মাদরাসা, চান্দিনা, কুমিল্লা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

অনুরোধসহ)

৬) অফিস কপি

১৮-১১-২০১৯

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক